73

দৈনিক ইত্তেফাক

তারিখ ... FEB 9 .. 1999 ... ...
পৃষ্ঠা ৫ কলাম ... ৭ ......

## কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় প্রসঙ্গে

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৯৯৮ ডিসেম্বর ঢাকার শেরে বাংলানগরে আয়োজিত বেসরকারী প্রাথমিক শিক্ষক মহাসমাবেশে ভাষণদানকালে সকল বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বর্তমান বেতন স্কেলের আওতায় ৮০% বেতন-ভাতা প্রদান করার কথা ঘোষণা করেন এবং সেইসাথে আরো আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের ব্যাপারে আশ্বাস দেন। মাননীয় প্রধানমন্ত্রী তাঁহার ভাষণে দেশে আরও পাঁচ হাজার কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করার আশাবাদ ব্যক্ত করিয়াছেন। দেশের শিক্ষার উন্নয়নে প্রধানমন্ত্রীর এই উদ্যোগকে আমরা স্বাগত জানাই। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, ইতিপূর্বে দেশের সকল রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ৭২% বেতন-ভাতা প্রদান করা হইলেও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের আওতাভুক্ত কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন-ভাতার কোনরকম পরিবর্তন হয় নাই। শুরু হইতেই কমিউনিটি প্রাথমিক শিক্ষকদের সম্মানী ভাতা মাসিক ৫০০/- টাকাই রহিয়াছে। তাহাদের সম্পর্কে সরকারের ভবিষ্যৎ পরিকল্পনা কিছু জানা যায় নাই। উল্লেখ করা প্রয়োজন যে, তাঁহাদের ঐ সম্মানী ভাতা দীর্ঘদিন বকেয়া থাকা সত্ত্বেও ঈদের পূর্বে তাহা প্রদান না করায় কেহ ঈদে আনন্দ করিতে পারেন নাই। ইহার চাইতে দুঃখজনক আর কী হইতে পারে? বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**শহীদ উল্লাহ আকন্দ,**
সহকারী শিক্ষক,
দিউপাড়া কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়,
পূর্বধলা, নেত্রকোনা।